ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৭৮৩
বিলোনীয়া, ১৭ জুলাই, ২০২৫

**পোয়াংবাড়ি ও ঋষ্যমুখ ব্লকে বিভিন্ন উন্নয়নমূলক কাজ**

গত অর্থবছরে পঞ্চদশ অর্থ কমিশনের টাইড ফান্ডের অর্থে এবং পঞ্চায়েত উন্নয়ন তহবিলের অর্থে দক্ষিণ ত্রিপুরায় বিভিন্ন পরিকাঠামো উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছিল। পোয়াংবাড়ি ব্লকের মাধবনগর পঞ্চায়েতের অধীন মাধবনগর প্রাথমিক বিদ্যালয়ের পাশে পাকা ড্রেন সহ গ্রে ওয়াটার ম্যানেজমেন্ট সিস্টেম তৈরি করা হচ্ছে পঞ্চদশ অর্থ কমিশনের অর্থে। ব্যয় হবে ৩ লক্ষ ৭৮ হাজার ৮৮৪ টাকা। পঞ্চায়েত উন্নয়ন তহবিলের অর্থে ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতির হলঘর মেরামতের কাজ চলছে। তাতে ব্যয় হবে ১ লক্ষ ৭১ হাজার ৯৩ টাকা। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদ কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****